জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬.৪২.৫২০০.০০১.৩১.০০২.২৫- ২৫০

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ ব.
১৮ মে, ২০২৫ খ্রি.

## দোকানঘর বরাদ্দের ৬ষ্ঠ দফা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলা পরিষদ সদর ডাকবাংলো চত্বরের উত্তর প্রান্তে অবস্থিত সেমিপাকা মিনি মার্কেটের নিম্নবর্ণিত ১(এক)টি দোকানঘর (বর্তমানে যে অবস্থায় আছে) শর্তসাপেক্ষে বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রকৃত ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন সময়ে নির্ধারিত সিডিউল বিক্রয় মূল্য (অফেরতযোগ্য) পরিশোধসাপেক্ষে নির্ধারিত দরপত্র আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরম উল্লিখিত সময়সূচি অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলি মোতাবেক অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরপত্র দাখিলকারীগণের বা তাদের উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) গৃহীত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নির্ধারিত সময়সূচি মোতাবেক খোলা হবে।

### "বর্ণিত দোকানের বিবরণ"

| ক্র. নং | দোকানের অবস্থান | দোকানের সাইজ | দোকানের সংখ্যা | দোকানের সর্বনিম্ন সেলামির পরিমাণ (এককালীন অফেরতযোগ্য) | দোকানের ভাড়া |
|---|---|---|---|---|---|
| ০১ | সদর ডাকবাংলোর উত্তর প্রান্তে ৩টি দোকানের মধ্যে পূর্বদিকের ১টি দোকান। | ১৫-৬″ X ১৪-০″ | ১টি | সর্বনিম্ন = ৫,৭০,০০০/- (পাঁচ লক্ষ সত্তর হাজার) টাকা। | মাসিক ১,৫০০/- যা পরবর্তীতে বিজ্ঞপ্তির শর্ত ও স্বাক্ষরিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে। |

### "দরপত্র সংক্রান্ত তথ্যাবলী"

| | | |
|---|---|---|
| ০১ | দরপত্র বিক্রয় শুরুর তারিখ | ১৯/০৫/২০২৫ খ্রি. সকাল ০৯. ০০ ঘটিকা হতে। |
| ০২ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ১৮/০৬/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত। |
| ০৩ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ১৯/০৬/২০২৫ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত। |
| ০৪ | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।<br>খ) জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। |
| ০৫ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ১৯/০৬/২০২৫ ইং তারিখ বেলা- ৩.০০ ঘটিকায় জেলা পরিষদ কার্যালয়ে। |
| ০৬ | সিডিউল বিক্রয় মূল্য | ৩০০০/- (তিন হাজার টাকা) [অফেরতযোগ্য] |

### "শর্তাবলী"

১। কোন দরদাতা সর্বনিম্ন সেলামি মূল্যের চেয়ে অধিক দর দাখিল না করলে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রয়োজনীয় শর্ত পূরণসাপেক্ষে সর্বোচ্চ সেলামি মূল্য প্রদানকারীকে দোকানঘর বরাদ্দ প্রদান করা হবে। একই সেলামি মূল্যের একাধিক দরপত্র পাওয়া গেলে লটারির মাধ্যমে দোকান বরাদ্দ প্রদান করা হবে।

২। দাখিলকৃত সেলামি মূল্য এবং দাখিলকৃত সেলামি মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট এর মোট মূল্য মানের পে-অর্ডার "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট" এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যু করে দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে পে-অর্ডার ইস্যুকৃত হতে হবে, অন্যথায় তা অগ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে।

৩। দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট দোকানঘর সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে দোকানঘর সংক্রান্ত কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

Sadar-Marcet-2024-2025

CamScanner

৪। দরপত্রের উদ্ধৃত সেলামি মূল্য (অফেরতযোগ্য) অংকে ও কথায় পরিষ্কার ভাবে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাঁটাকাঁটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে।

৫। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র আবেদন ফরম বিক্রয় করা হবে না এবং দরপত্র দাখিল করতে দেয়া হবে না।

৬। নির্ধারিত তারিখে কোন কারণে সরকারি ছুটি ঘোষণা করা হলে ছুটির পরের দিন যথানিয়মে কার্যক্রম পরিচালিত হবে।

৭। দোকান বরাদ্দ পাওয়ার পর চুক্তিপত্র সম্পাদনের পূর্বে বরাদ্দ গ্রহীতাকে জামানত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট" বরাবর পে-অর্ডার আকারে জমা দিতে হবে। উক্ত জামানত দোকানের বকেয়া মাসিক ভাড়া, বিদ্যুৎ বিলসহ অন্যান্য ইউটিলিটি বিল সমন্বয় করার ক্ষেত্রে ব্যবহৃত হবে।

৮। অনুমোদিত দরপত্র দাখিলকারীকে পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ৩০০/-(তিন শত) টাকার নন‌জুডিশিয়াল ষ্ট্যাম্পে জেলা পরিষদ বরাবরে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট দোকানঘরের দখলনামা গ্রহণ করতে হবে। চুক্তি না করলে দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডারসমূহ জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে দাখিলকৃত দরপত্র বাতিলপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

৯। প্রকৃত ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে নিজ নামে ট্রেড লাইসেন্স, ব্যবসার ধরন অনুযায়ী সংশ্লিষ্ট অন্যান্য লাইসেন্স থাকতে হবে এবং তা আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখপূর্বক দাখিলকৃত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে| উদাহরণস্বরূপঃ ফার্মেসীর জন্য ড্রাগ লাইসেন্স থাকতে হবে।

১০। অগ্নিকাণ্ড বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে দোকানের কোন ক্ষয়ক্ষতি হলে তার দায়ভার জেলা পরিষদ কর্তৃপক্ষ বহন করবে না বা কোন আর্থিক সহযোগিতা দিতে বাধ্য থাকবে না।

১১। দোকানের নির্দিষ্ট সীমানার বাহিরে কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন ধরণের স্থায়ী/ অস্থায়ী অবকাঠামো নির্মাণ করা যাবে না। তবে ইজারাদার নিজ খরচে দোকানের প্রয়োজনীয় সংস্কার বা মেরামত বা অভ্যন্তরীণ সাজসজ্জা করতে পারবে।

১২। প্রতিবেশী বা পার্শ্ববর্তী দোকানের জন্য বিরক্তির উদ্রেক করে এমন কোন কার্যকলাপ পরিচালনা করা যাবে না।

১৩। বরাদ্দকৃত দোকানে কোন প্রকার অবৈধ মালামাল ও সরকার কর্তৃক নিষিদ্ধ পণ্যের ব্যবসা করা যাবে না|

১৪। দোকানের মাসিক ভাড়া ১, ৫০০/- (এক হাজার পাঁচ শত টাকা) হবে যা চুক্তি সম্পাদনের তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত প্রযোজ্য হবে। পরবর্তীতে প্রতি বছর ৫% হারে মাসিক ভাড়া বৃদ্ধি পাবে যা ১৫(পনেরো) বছর পর্যন্ত কার্যকর থাকবে। পরবর্তীতে বাজার দর যাচাই করে বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দোকানের মাসিক ভাড়া পুনরায় নির্ধারণ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৫। দোকানঘর বরাদ্দের তারিখ হতে প্রতি মাসের নির্ধারিত ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় প্রতি মাসের বকেয়া ভাড়ার সাথে ২০% অতিরিক্ত ভাড়া পরিশোধ করতে হবে। তবে তা সর্বোচ্চ ১ (এক) বছর পর্যন্ত প্রযোজ্য হবে। বরাদ্দ গ্রহীতাকে নিজ দায়িত্বে বৈদ্যুতিক সংযোগসহ অন্যান্য নাগরিক সুবিধা গ্রহণ করতে হবে এবং বিদ্যুৎ বিলসহ অন্যান্য সকল বিল নির্ধারিত সময়ে বরাদ্দ গ্রহীতাকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে। সকল বিল পরিশোধের কপি মাসিক ভাড়া প্রদানের কপির সাথে জেলা পরিষদে দাখিল করতে হবে। দোকান ভাড়া এবং অন্যান্য ইউটিলিটি বিল ১ (এক) বছরের বেশি বকেয়া হলে তাৎক্ষণিকভাবে বিনা নোটিশে দোকানের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে| সেক্ষেত্রে পরিশোধিত সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

১৬। বরাদ্দ গ্রহীতা বরাদ্দ প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে বরাদ্দ বাতিলের জন্য আবেদন করলে সেলামীর পুরো অর্থ ফেরত প্রদান করা হবে। বরাদ্দ বাতিলের জন্য পাঁচ হতে দশ বছরের মধ্যে আবেদন করলে সেলামী মূল্যের ৫০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে। দশ বছর পরে বরাদ্দ বাতিলের আবেদন করলে সেলামির কোন অর্থ ফেরত প্রদান করা হবে না।

১৭। কর্তৃপক্ষের প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বা কোনরূপ ভর্তুকি প্রদান না করেই দোকানের বরাদ্দ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সেক্ষেত্রে পরিশোধিত সেলামি ও প্রয়োজনীয় সমন্বয়সাপেক্ষে জমাকৃত জামানত বরাদ্দ গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।

১৮। ভবিষ্যতে উক্ত স্থানে বহুতল মার্কেট নির্মাণের ক্ষেত্রে দোকানের পজেশন জেলা পরিষদ বরাবর হস্তান্তর করতে হবে এবং বরাদ্দ গ্রহীতার পরিশোধিত সেলামি ও প্রয়োজনীয় সমন্বয়সাপেক্ষে জমাকৃত জামানত বরাদ্দ গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে। বরাদ্দ প্রদানের দশ বছরের মধ্যে উক্ত স্থানে বহুতল মার্কেট নির্মাণ করা হলে নবনির্মিত বহুতল মার্কেটের সেলামি মূল্য পরিশোধসাপেক্ষে বর্তমান বরাদ্দ গ্রহীতা নতুন দোকান বরাদ্দ গ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে তা নবনির্মিত মার্কেটে দোকানপ্রাপ্তির কোনরূপ নিশ্চয়তা প্রদান করবে না।



CS CamScanner

১৯। পজেশন হস্তান্তর মূল্যের ১০% ফি (তবে তা কোন ভাবে সেলামি মূল্যের ১০% এর কম নয়) জেলা পরিষদের অনুকূলে জমা প্রদানপূর্বক পজেশন হস্তান্তরের লিখিত অনুমোদনের জন্য আবেদন করতে হবে। নতুন বরাদ্দ গ্রহীতাকে জেলা পরিষদের সাথে পুনরায় ৩০০/-(তিন শত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত দোকান ঘরের পজেশন অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না বা সাবলীজ প্রদান করা যাবে না বা অন্য কাউকে ভাড়া প্রদান করা যাবে না। এরূপ কোন কার্যক্রম সংঘটিত হলে বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং দোকানের সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

২০। বরাদ্দ গ্রহীতার অবর্তমানে তার মনোনীত নমিনি বা মৃত্যুজনিত কারণে তার বৈধ নমিনি অথবা আইন সম্মত বৈধ উত্তরাধিকারী (আদালত কর্তৃক জারীকৃত উত্তরাধিকার সনদপত্র মোতাবেক) বৈধ বরাদ্দ গ্রহীতা বলে গণ্য হবেন। এক্ষেত্রে হস্তান্তর ফি প্রয়োজন না হলেও নতুনভাবে জেলা পরিষদের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে।

২১। বরাদ্দ গ্রহীতার মনোনীত কোন নমিনি না থাকলে বা কোন বৈধ ওয়ারিশ/উত্তরাধিকারী না থাকলে বরাদ্দ গ্রহীতার পরিশোধিত সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে বর্ণিত দোকানের পজেশন সরাসরি জেলা পরিষদের নিয়ন্ত্রণে আসবে এবং জেলা পরিষদ, লালমনিরহাট দোকান ঘরের পজেশন বরাদ্দ প্রদানের নিমিত্ত পুনরায় কার্যক্রম গ্রহণ করতে পারবে।

২২। তথ্য গোপন করে অথবা ভুল তথ্য পরিবেশন করে যদি কেউ ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করে তবে তার দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৩। দোকানঘর সম্পর্কে কোন বিজ্ঞ আদালতের কোনরূপ আদেশ/নিষেধাজ্ঞা দৃষ্টি গোচরীভূত হলে এ বিষয়ে বিধিমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

২৪। কর্তৃপক্ষ যে কোন সময় দোকানঘর পরিদর্শনের অধিকার সংরক্ষণ করে এবং দোকান সংক্রান্ত কোনরূপ জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

18-05-25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল নং-০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইল- zplalmonirhat@lgd.gov.bd



CamScanner

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

নম্বর - ৪৬.৪২.৫২০০.০০১.৩১.০০২.২৫-২৫০ তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ ব. / ১৮ মে, ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৪। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৫। পুলিশ সুপার, লালমনিরহাট।
৬। প্রশাসক, লালমনিরহাট পৌরসভা। [ বহুল প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ]
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/ গণপূর্ত, লালমনিরহাট।
[ বহুল প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ]
৯। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর।
[ বহুল প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ]
১০। সহকারী কমিশনার (ভূমি) (সদর), লালমনিরহাট।
[ বহুল প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ]
১১। চেয়ারম্যান, --------------------------ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা, লালমনিরহাট।
১২। দারোয়ান কাম-কেয়ারটেকার, সদর/আদিতমারী ডাকবাংলো।
[স্থানীয় হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।]
১৩। --------------------------------------------------------------------------।
১৪। সম্পাদক, ---------------------------------পত্রিকা, জেলা শাখা, লালমনিরহাট।
১৫। অফিস কপি।

১৮/০৫/২৫
(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইলঃ ০১৩১৭৪৭৭৮৪৮

Sadar-Marcet- 2024-2025

CamScanner